**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-10-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্যকে আত্মনির্ভর করে তোলার লক্ষ্যে কৃষিক্ষেত্রে পরিকাঠামো ব্যাপক উন্নয়নের উদ্যোগে নেওয়া হয়েছে।**

**(২) শ্রমমন্ত্রী টিংকু রায় বলেছেন, ঊনকোটি জেলায় আসন্ন শুখা মরশুমে পানীয় জলের সংকট যাতে না হয় সেজন্য জলের উৎসগুলি সক্রিয় রাখার উদ্যোগে নেওয়া হয়েছে।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বলেছেন যে তরুণ আধিকারিকদের নেতৃত্বে একটি ভবিষ্যৎ-প্রস্তুত পুলিশ বাহিনী বিকশিত ভারত গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।**

**(৪) কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় পন্ডিচেরির বিরুদ্ধে লিড নেয়ার জন্য লড়াই করছে ত্রিপুরা।**

**************************************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্যকে আত্মনির্ভর করে তোলার লক্ষ্যে কৃষিক্ষেত্রে পরিকাঠামোর ব্যাপক উন্নয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। পাশাপাশি কৃষি বাজারগুলির পরিকাঠামোরও সম্প্রসারণ করা হচ্ছে। আজ উদয়পুরে কৃষি ও উদ্যানপালন দপ্তরের জন্য এক ছাদের নিচে বহুতল অফিস ভবন এবং রাজারবাগ প্রাথমিক গ্রামীণ বাজারের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন।

তিনি বলেন, দূর দূরান্ত থেকে কৃষকরা কোনো পরামর্শ বা কৃষি উপকরনের জন্যে এলে তাদের যাতে কোনো অসুবিধা না হয় এবং দ্রুত সমস্যার

সমাধান করতে পারেন সেই লক্ষ্যকে সামনে রেখেই উদয়পুরের কৃষি দপ্তরের জেলাস্তরের সমস্ত শাখাগুলিকে এক ছাদের নিচে নিয়ে আসা হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিধায়ক রামপদ জমাতিয়া, জিতেন্দ্র মজুমদার, অভিষেক দেবরায়, সঞ্জয় মানিক ত্রিপুরা, পাঠান লাল জমাতিয়া এবং রণজিত দাস।

*****************************

**DWS-Unakoti :**

শ্রমমন্ত্রী টিংকু রায় বলেছেন, ঊনকোটি জেলায় আসন্ন শুখা মরশুমে পানীয় জলের সংকট যাতে না হয় সেজন্য জলের উৎসগুলি সক্রিয় রাখার উদ্যোগে নেওয়া হয়েছে। আজ কৈলাশহর সার্কিট হাউজে অনুষ্ঠিত এক বৈঠকে তিনি একথা বলেন। এই বৈঠকে পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের পক্ষ থেকে বলা হয়, ভারত সরকারের জল জীবন মিশনের আওতায় চন্ডীপুর ব্লক এলাকায় লক্ষ্যমাত্রার ৯৭ দশমিক শূন্য আট শতাংশ এবং গৌরনগর ব্লক এলাকায় ৮৩ দশমিক এক দুই শতাংশ বাড়িতে নলের মাধ্যমে পানীয় জল পৌঁছে দেওয়া হয়েছে। বৈঠকে গ্রামীণ এলাকায় পানীয় জলের ক্ষেত্রে সুবিধা-অসুবিধা সম্পর্কে পর্যালোচনা করা হয়। উপস্থিত ছিলেন গৌরনগর ও চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ও ভাইস চেয়ারম্যানগণ, বিভিন্ন পঞ্চায়েতের প্রধান-উপ-প্রধানগন।

******************************

**Vigilance Week :**

ত্রিপুরা পুলিশ আজ সতর্কতা সচেতনতা সপ্তাহ পালন করেছে। এ উপলক্ষে আগরতলায় পুলিশ সদর দপ্তরে শপথ বাক্য পাঠ করান পুলিশের মহানির্দেশক অনুরাগ। উপস্থিত ছিলেন ডি.আই.জি সঞ্জয় রায় সহ অন্যান্য পুলিশ আধিকারিক ও কর্মীরা।

****************************

**Package Story-Chhath Puja :**

উপবাসের মধ্যে দিয়ে রাজ্যেও ছট পূজা ব্রত উৎসব পালন করা হচ্ছে। আজ বিকেলে সূর্যাস্তের সঙ্গে সঙ্গে আগরতলা সহ রাজ্যের বিভিন্ন জলাশয়ে পূন্যার্থীরা সূর্য প্রনামের মধ্যে দিয়ে ব্রত পালন করেন। আগামীকাল ভোরে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে ব্রত উৎসবের সমাপ্তি হবে। এই উপলক্ষে আজ বিকেলে আগরতলার রাণীর পুকুর, ও.এন.জি.সি-র কুড়ি পুকুরপাড় প্রভৃতি জলাশয়ের ধারে প্রচুর পুন্যার্থীর সমাগম হয়। এনিয়ে শুনুন একটি প্রতিবেদন।

#######VC######

************************

**Lop Meeting :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ সাব্রুমের জলেফা বাজারে সিপিআইএম দল আয়োজিত এক সভায় বক্তব্য রাখেন। ৩ দফা দাবিতে অনুষ্ঠিত এই সভায় বিরোধী দলনেতা, নেশা পাচার, শিশু ও নারীদের উপর নির্যাতন বন্ধে কড়া ব্যবস্থা নিতে রাজ্য সরকারের কাছে দাবি জানান।

**************************

**TRBT-Physical Education :**

টিচার্স রিক্রুটমেন্ট বোর্ড শারীর শিক্ষক পদে নিয়োগের জন্য আজ ১০৬ জনের নাম শিক্ষা দপ্তরের কাছে সুপারিশ করেছে। টি.আর.বি.টি সদস্য সচিব হর্ষিতা বিশ্বাস এক বিজ্ঞপ্তিতে এই খবর জানিয়েছেন।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বলেছেন যে তরুণ আধিকারিকদের নেতৃত্বে একটি ভবিষ্যৎ-প্রস্তুত পুলিশ বাহিনী বিকশিত ভারত গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। নতুনদিল্লিতে ভারতীয় পুলিশ সার্ভিস আরআর, ২০২৪ এর ব্যাচের প্রবেশনারাদের উদ্দেশ্যে ভাষণ দেওয়ার সময় রাষ্ট্রপতি একথা বলেন। তিনি আরও বলেন যে, তরুণ আধিকারিকরা যারা শীঘ্রই ক্ষমতা এবং কর্তৃত্বের পদ দখল করবেন তাদের মনে রাখা উচিত যে কর্তৃত্বের সাথে জবাবদিহিতাও আসে।

#####Byte-President#####

****************************

**Rajnath Singh :**

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ দেশের প্রতিরক্ষা উৎপাদনে বেসরকারি ক্ষেত্রের ক্রমবর্ধমান অংশগ্রহণের কথা তুলে ধরে বলেছেন যে ভারতের প্রতিরক্ষা রপ্তানি এখন রেকর্ড ২৩ হাজার ৫০০ কোটি টাকায় পৌঁছেছে। নতুনদিল্লিতে Society of Indian Defence Manufacturers বা SIDM এর বার্ষিক সম্মেলনে ভাষণ দিতে গিয়ে মন্ত্রী বলেন যে, গত দশকে দেশের অভ্যন্তরীণ প্রতিরক্ষা উৎপাদন দেড় লক্ষ কোটি টাকারও বেশি বৃদ্ধি পেয়েছে

এবং বেসরকারি ক্ষেত্র থেকে ৩৩ হাজার কোটি টাকারও বেশি আয় করা হচ্ছে।অপারেশন সিন্দুরের সাফল্যের প্রশংসা করেন মন্ত্রী ।

#####Byte-Rajnath Singh#####

প্রতিরক্ষা মন্ত্রী আরও বলেন যে সরকার দেশীয় বিক্রেতাদের উৎসাহিত করার জন্য প্রচেষ্টা চালাচ্ছে। শ্রী সিং সেনাবাহিনী, নৌবাহিনী এবং বিমান বাহিনীর সঙ্গে বেশ কয়েকটি কৌশলগত সমঝোতা স্মারকের মাধ্যমে শিল্প ও সশস্ত্র বাহিনীর মধ্যে গুরুত্বপূর্ণ সহযোগিতা প্রতিষ্ঠার জন্য SIDM-এর প্রশংসা করেন।

****************************

**Sahkar Se Samriddhi :**

রাজ্যে দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গো-পালকদের নিয়ে সহকার সে সমৃদ্ধি হোয়াইট রেভোলিউসন ২.০ ইন ত্রিপুরা শীর্ষক এক বিশেষ কর্মশালা আজ আগরতলার মুক্তধারায় অনুষ্ঠিত হয়। গোমতী কো-অপারেটিভ মিল্ক প্রডিউসার্স ইউনিয়ন লিমিটেডের উদ্যোগে নাবার্ড এবং ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ডের সহযোগিতায় অনুষ্ঠিত এই কর্মশালায় গো-পালকদের আধুনিক পদ্ধতিতে গরুর পরিচর্যা, সুষম গো-খাদ্য ব্যবহার, দুধ উৎপাদন বৃদ্ধি, দুগ্ধ সমিতি পরিচালনা ও কেন্দ্র এবং রাজ্য সরকারের প্রকল্পের সঠিক বাস্তবায়নের পদ্ধতি নিয়ে ধারণা দেওয়া হয়।

গোমতী কো-অপারেটিভ মিল্ক প্রডিউসার্স ইউনিয়নের চেয়ারম্যান রতন ঘোষ কর্মশালায় বলেন, "প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আত্মনির্ভর বিকশিত ভারত গঠনের স্বপ্নকে বাস্তবায়িত করতে গো-পালকদের উন্নয়ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বিকশিত ভারতে কৃষক ও গোপালকদের ভূমিকা বিশেষভাবে গুরুত্বপূর্ণ।" তিনি বলেন, বর্তমানে রাজ্যে মোট ১৭৯টি দুগ্ধ সমিতির অধীনে ৬ হাজার ২০৪ জন গো-পালক যুক্ত রয়েছেন। দুগ্ধ উৎপাদন বাড়াতে গো-পালকদের সংখ্যা দশ হাজারে উন্নীত করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। কর্মশালায় উপস্থিত ছিলেন এন.ডি.ডি.বি-র উত্তর-পূর্বাঞ্চলের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক সব্যসাচী রায় ও নাবার্ডের পদস্থ আধিকারিকগন।

**************************

**Science Drama :**

ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের উদ্যোগে, উত্তর ত্রিপুরা জেলা শিক্ষা দপ্তরের ব্যবস্থাপনায় এবং সমগ্র শিক্ষা প্রকল্পের সহযোগিতায় ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতিভবনে আজ জেলাভিত্তিক স্কুল বিজ্ঞান নাটক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সূচনা করেন শিক্ষা দপ্তরের ও.এস.ডি সমীর রঞ্জন নাথ। এই প্রতিযোগিতায় অষ্টম থেকে দশম শ্রেণির ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জনকারী দল রাজ্যস্তরের প্রতিযোগিতায় অংশ নেবে।

**************************

**CK Naidu :**

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় পন্ডিচেরির বিরুদ্ধে লিড নেয়ার জন্য লড়াই করছে ত্রিপুরা। আগরতলার নরসিংগড়ের পিটিএ মাঠে দ্বিতীয় দিনে সফরকারী পন্ডিচেরী প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৭০ রান করে। জবাবে খেলতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে দিনের শেষে ৮ উইকেট হারিয়ে ২৬১ রান করে। দলের অধিনায়ক সপ্তজিৎ দাস ৮৮ ও সেন্টু সরকার ৬৫ রান করেন।

**************************

**Under-19 Cricket :**

জাতীয় অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের টি-২০ ক্রিকেটের দ্বিতীয় ম্যাচেও ত্রিপুরা পরাজিত হয়েছে। নাগপুরের বিদর্ভ ক্রিকেট এসোসিয়েশনের মাঠে অনুষ্ঠিত ম্যাচে আজ কর্ণাটক ১০ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

**************************

**Weather :**

বঙ্গোপসাগরে তৈরি গভীর নিম্নচাপ আজ ঘূর্ণিঝড় 'মন্থা'য় পরিণত হয়েছে। আগামীকাল এই ঘূর্ণিঝড় অন্ধ্রপ্রদেশের মছলিপত্তনম ও কলিঙ্গপত্তনমের মাঝামাঝি কাঁকিনাড়া অঞ্চলে আছড়ে পড়ার সম্ভাবনা রয়েছে। স্থলভাগে আছড়ে পড়ার সময় এই ঝড়ের গতিবেগ হতে পারে ঘন্টায় সর্বোচ্চ ১১০ কিলোমিটার।

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৫ ডিগ্রি সেলসিয়াস।

*****************************